

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কর্ণেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ।

(E-mail: colonelmalekmc@ac.dghs.gov.bd)

স্মারক নং-কমামেক/চিঃশিঃ/মানিক/২০২২/ ৩০৭৩



তারিখঃ-২২/৮/২০২২ইং।

“ উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি ”

কর্ণেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ এর ২০২২-২০২৩ ইং অর্থ বছরে একাডেমিক ভবনের নির্ধারিত কক্ষ সমূহে(৪১৮৩ বর্গফুট) নীচতলায় পূর্ব দিকে ছাত্র/ছাত্রীদের এবং শিক্ষক মন্ডলীর সকালের নাস্তা ও দুপুরের বিভিন্ন উন্নতমানের খাবার পরিবেশনের জন্য ১(এক) টি ক্যান্টিন ভাড়া নিমিত্তে নিম্নলিখিত শর্তসাপেক্ষে সীলমোহরকৃত খামে প্রয়োজনীয় যোগ্যতা সম্পন্ন হোটেল মালিক/প্রকৃত ঠিকাদারদের নিকট হতে নিকট হতে উন্মুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে।

১	মন্ত্রনালয়/বিভাগ	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২	সংস্থা/সংগ্রহক সত্তার নাম ও ঠিকানা	অধ্যক্ষ, কর্ণেল মালেক মেডিক্যাল কলেজ, মানিকগঞ্জ
৩	সংগ্রহক সত্তা ও সংগ্রহকারীর নাম, পদবী ও জেলা	ডাঃ মোঃ জাকির হোসেন, অধ্যক্ষ, কর্ণেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ।
৪	দরপত্রের পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম)
৫	দরপত্র কাজের বিবরণী	কর্ণেল মালেক মেডিক্যাল কলেজ, মানিকগঞ্জ এর একাডেমিক ভবনের নীচতলায় পূর্ব দিকে নির্ধারিত কক্ষ সমূহে(৪১৮৩ বর্গফুট) বিভিন্ন উন্নতমানের খাবার পরিবেশনের জন্য ১(এক) টি ক্যান্টিন ভাড়া নিমিত্তে যোগ্যতা সম্পন্ন হোটেল মালিক/প্রকৃত ঠিকাদারদের নিকট হতে নিকট হতে উন্মুক্ত দরপত্র আহবান।
৬	দরদাতার যোগ্যতা	হোটেল মালিক/প্রকৃত ঠিকাদারদের অভিজ্ঞতার সনদ ও ব্যবসায়িক বৈধ ট্রেডলাইসেন্স থাকতে হবে।
৭	দরপত্র সিডিউল সংগ্রহের শেষ তারিখ ও সময়	পত্রিকার বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ০৭/০৯/২০২২ খ্রিঃ পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হইতে সিডিউল ক্রয় করা যাবে বিকাল ২.৩০ মিঃ পর্যন্ত (সরকারী ছুটির দিন ব্যতীত)।
৮	দরপত্র সিডিউল প্রাপ্তির স্থান	হিসাব শাখা, অত্র দপ্তর।
৯	দরপত্র জমা/দাখিলের স্থান	অধ্যক্ষ, কর্ণেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ কার্যালয়ে রক্ষিত দরপত্র বাস্ক।
১০	দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	০৮/০৯/২০২২ ইং সকাল ৯.০০ ঘটিকা হইতে বেলা ১২.০০ ঘটিকা
১১	দরপত্র বাস্ক খোলার তারিখ ও সময়	০৮/০৯/২০২২ ইং বেলা ১.০০ ঘটিকায়, অধ্যক্ষের কার্যালয়, কর্ণেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ (সংশ্লিষ্ট দরদাতাগণের সামনে যদি কেহ উপস্থিত থাকেন)।
১২	দরপত্র সিডিউল সংগ্রহের পদ্ধতি	নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ১,০০০/- (এক হাজার) টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে কোডনং-১-২৭১১-০০০০-২৩৬৬ (নতুন কোড-১৪২২৩২৮) তে সোনালী ব্যাংক, মানিকগঞ্জ শাখায় জমাদান পূর্বক চালানোর মূলকপি জমা দিয়ে দরপত্র সিডিউল ক্রয় করা যাবে।
১৩	দরপত্র ও নিরাপত্তা জামানতের পরিমাণ	দরপত্র জামানতঃ-যেকোন তফসিলী ব্যাংক হইতে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে অর্ডার (ফেরত যোগ্য) দরপত্রের সাথে প্রদান করতে হবে। নিরাপত্তা জামানতঃ-নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তিস্বাক্ষরের পূর্বে ০১ (এক) বছরের সর্বসাকুল্যে প্রদেয় ভাড়া এর ২৫% হারে অর্থ নিরাপত্তা জামানত হিসেবে ব্যাংক গ্যারেন্টি/পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে উল্লেখিত দপ্তরের অনুকূলে জমা দিতে হবে। চুক্তির মেয়াদ শেষে ফেরত যোগ্য।
১৪	সংরক্ষিত ক্ষমতা	কর্তৃপক্ষ কোন কারন দর্শনো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন
১৫	পদ ও জনবলের যোগ্যতার বিবরণী	নিজস্ব ব্যবস্থাপনায় আসন সংখ্যা ৫০ (পঞ্চাশ) সিটের অধিক নহে। মালিক/ব্যবস্থাপক সহ মোট শ্রমিকের সংখ্যা- ০৭(সাত) জনে অধিক নহে। দক্ষ শ্রমিক দ্বারা সার্বক্ষনিক পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে। স্বাস্থ্য বিধি মেনে ক্যান্টিন পরিচালনা করতে হবে।
১৬	বিশেষ নির্দেশনা	দরপত্র প্রস্তুত বাছাইয়ে যে প্রতিষ্ঠানের প্রস্তাব বিবেচিত হইবে কেবলমাত্র সে প্রতিষ্ঠানের প্রধানের ও নিয়োগকৃত জনবলের পরিচয়পত্র ও ২ করে কপি ছবি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমাদান পূর্বক কার্যাদেশ গ্রহন করতে হবে। দরপত্র দাতাগণ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা শর্তাবলী মানতে বাধ্য থাকিবে
১৮	অন্যান্য শর্তাবলী	ক) মাসিক ক্যান্টিন ভাড়া পরবর্তী মাসের ০৭ তারিখের মধ্যে অফিসে জমা দিতে হবে অথবা চালানোর মাধ্যমে সরকারী কোষাগারে সোনালী ব্যাংক, মানিকগঞ্জ শাখায় জমাদান পূর্বক চালানোর মূলকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় জমা দিতে হবে। না পারলে কর্তৃপক্ষ যে কোন আইনগত ব্যবস্থা গ্রহন করতে পারবে। ঘ) কলেজ কর্তৃপক্ষ সঙ্গে সম্পাদিত চুক্তি ক্যান্টিন পরিচালনা প্রতিষ্ঠানের ০২ (দুই) মাস এবং কলেজ কর্তৃপক্ষ ০১ (এক) মাসের নোটিশের মাধ্যমে বাতিল করিতে হবে। ঙ) হোটেল / রেস্টোরা পরিচালনার অভিজ্ঞতাকে অগ্রাধিকার বলে বিবেচিত হবে। দরপত্রের অতিরিক্ত শর্তাবলী সিডিউলের সংশ্লিষ্ট সংযুক্ত।

(ডাঃ মোঃ জাকির হোসেন)

অধ্যক্ষ

কর্ণেল মালেক মেডিকেল কলেজ, মানিকগঞ্জ।